দৈনিক ইনকিলাব

তারিখ SEP. 5 1999
পৃঃ ২৫ কলাম ৩

15

# মাদ্রাসা নিয়ে ষড়যন্ত্র বন্ধ ও মাদ্রাসা বোর্ড চেয়ারম্যানকে অপসারণ করতে হবে

## —মাদ্রাসা ছাত্র ফেডারেশন

**প্রেস বিজ্ঞপ্তি :** বাংলাদেশ মাদ্রাসা ছাত্র ফেডারেশনের নেতৃবৃন্দ বলেছেন, মাদ্রাসা শিক্ষা নিয়ে সরকারের সকল ষড়যন্ত্র বন্ধ করতে হবে এবং ষড়যন্ত্রের মূল নায়ক মাদ্রাসা বোর্ডের দুর্নীতিবাজ চেয়ারম্যানকে অপসারণ করতে হবে।

গতকাল (শনিবার) সকাল ১১টায় পুরানা পল্টন মোড়ে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র ফেডারেশন আয়োজিত বিক্ষোভ মিছিল-পূর্ব সমাবেশে বক্তাগণ উপরোক্ত বক্তব্য প্রদান করেন। মাদ্রাসা, ছাত্র ফেডারেশনের কো-কনভেনার ও মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের কেন্দ্রীয় আহবায়ক ছাত্রনেতা মুহাম্মদ আবদুর রহমানের সভাপতিত্বে বক্তব্য রাখেন, ফেডারেশনের পৃষ্ঠপোষক হাফেজ আবদুল্লাহ আল আরিফ, ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি)-এর সহ-সভাপতি এস এম আবু তাহের, ছাত্র আন্দোলন পরিষদের যুগ্ম আহবায়ক হাবীবুল্লাহ মুহাম্মদ ইকবাল, ইসলামী ছাত্র সমাজের সাধারণ সম্পাদক আজিজুল হক ইসলামাবাদী, আজিজুর রহমান, মুতাসিম বিল্লাহ, এনামুল হক, নাসিরুদ্দীন হেলালী ও আবদুর রাজ্জাক।

বক্তাগণ বলেন, সরকার ইতোমধ্যেই সম্পূর্ণ অন্যায় ও অযৌক্তিকভাবে ২৫১টি মাদ্রাসা বন্ধ করে দিয়েছে। আর এ অন্যায় পদক্ষেপের বিরুদ্ধে যখন তৌহিদী ছাত্র-জনতা আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছে তখন কাটা ঘায়ে লবণ ছিটানোর মত নতুন চিঠি ইস্যু করেছে। যাতে বলা হয়েছে, পূর্বশর্ত পূরণ সাপেক্ষে স্বীকৃতি দেয়া হবে। আমরা এই পদক্ষেপের তীব্র নিন্দা জানাচ্ছি।

বক্তাগণ আরো বলেন, মাদ্রাসা নিয়ে সকল ষড়যন্ত্রের মূল নায়ক মাদ্রাসা বোর্ডের দুর্নীতিবাজ বর্তমান চেয়ারম্যান। সভায় অবিলম্বে তাকে অপসারণ করে সকল মাদ্রাসার স্বীকৃতি দান ও ইসলামী শিক্ষা নিয়ে সরকারের ষড়যন্ত্র বন্ধ করার আহবান জানানো হয়।

বক্তাগণ বলেন, এই আওয়ামী লীগ সরকার বায়তুল মোকাররমের চতুর্দিকে ১৪৪ ধারা জারি করেছিল, তসলিমাকে আশ্রয় দিতে চেয়েছিল, সুন্দরী প্রতিযোগিতা করতে চেয়েছিল, কিন্তু তারা সফল হয়নি। ইসলামের বিরুদ্ধে কোন ষড়যন্ত্র এদেশের জনগণ বরদাশত করবে না এবং সফল হতেও দেবে না। প্রয়োজনে তারা সারাদেশকে আন্দোলনের মাধ্যমে অচল করে দেবে।